

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৭৫৬ ১৭/ হক ও অধিকার পরিচ্ছেদঃ আত্মীয়তা অক্ষুন্ন রাখার গুরুত্ব

আরবী

وَعَن عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهُا قَالَتْ: مَا غِرْتُ عَلَى أَحَدٍ مِنْ نِسَاءِ النَّبِيِّ عَلَىٰ مَا غِرْتُ عَلَى خَدِيجَة رَضِيَ اللهُ عَنْهُا وَمَا رَأَيْتُهَا قَطُّ وَلَكِنْ كَانَ يُكْثِرُ ذِكْرَهَا وَرُبَّمَا ذَبَحَ الشَّاةَ ثُمَّ يَقَطِّعُهَا أَعْضَاء ثُمَّ يَبْعِثُهَا في صَدَائِقِ خَديجَةَ فَرُبَّمَا قُلْتُ لَهُ : كَأَنْ لَمْ يَكُنْ في الدُّنْيَا إلاَّ خَديجَةَ فَيَقُولُ إِنَّهَا كَانَتْ وَكَانَتْ وَكَانَ لي مِنْهَا وَلَدٌ متفقٌ عليه وَفِيْ رِوَايَةٍ: وإنْ كَانَ لَيَذْبَحُ الشَّاءَ فَيُهْدِي في خَلائِلِهَا مِنْهَا مَا يَسَعُهُنَّ وَفِيْ رِوَايَةٍ: كَانَ إِذَا نبح الشاة، يقولُأَرْسِلُوا بِهَا إِلَى أَصْدِقَاءِ خَديجَةَ عَلَى رَسُولِ اللهِ عَلَيْ وَفِيْ رِوَايَةٍ: قَالَت: اسْتَأَذَنتْ هَالَةُ بِنْتُ خُويْلِدِ أُخْتُ خَديجَةَ عَلَى رَسُولِ اللهِ عَلَيْ فَوَالَ اللَّهُمَّ هَالةُ بِنْتُ خُويْلِدٍ فَوَيْلاً وَمَعْنَاه : فَوَالَا اللهِ عَلَيْ المَحيدينِ الحُميدِي فَارتَاعَ بالعينِ ومعناه: وفي الجمع بَيْنَ الصحيحين الحُميدِي فَارتَاعَ بالعينِ ومعناه: اهْتَمَ به

বাংলা

(১৭৫৬) আয়েশা (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, খাদীজা (রাযিয়াল্লাহু আনহা)র প্রতি আমার যতটা ঈর্ষা হতো, ততটা ঈর্ষা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অপর কোন স্ত্রীর প্রতি হতো না। অথচ আমি তাঁকে কখনো দেখিনি। কিন্তু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিকাংশ সময় তাঁর কথা আলোচনা করতেন এবং যখনই তিনি ছাগল যবাই করতেন, তখনই তার বিভিন্ন অঙ্গ কেটে খাদীজার বান্ধবীদের জন্য উপহারস্বরূপ পাঠাতেন।

আমি তাঁকে মাঝে মধ্যে (রসিকতা ছলে) বলতাম, 'মনে হয় যেন দুনিয়াতে খাদীজা ছাড়া আর কোন মেয়েই নেই।' তখন তিনি (তাঁর প্রশংসা ক'রে) বলতেন, "সে এই রকম ছিল, ঐ রকম ছিল। আর তাঁর থেকেই আমার সন্তান-সন্তুতি।"

অন্য এক বর্ণনায় আছে, 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন বকরী যবাই করতেন, তখন খাদীজার বান্ধবীদের নিকট এতটা পরিমাণে মাংস পাঠাতেন, যা তাদের জন্য যথেষ্ট হত।'



অন্য এক বর্ণনায় আছে, 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন বকরী যবাই করতেন, তখন বলতেন, 'খাদীজার বান্ধবীদের নিকট এই মাংস পাঠিয়ে দাও।''

অন্য এক বর্ণনায় আছে আয়েশা (রাযিয়াল্লাহু আনহা) বলেন, 'একদা খাদীজার বোন হালা বিনতে খুআইলিদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আসার অনুমতি চাইল। তিনি খাদীজার অনুমতি চাওয়ার কথা স্মরণ করলেন, সুতরাং তিনি আনন্দবোধ করলেন এবং বললেন, 'আল্লাহ! হালা বিনতে খুআইলিদ?''

এ বর্ণনায় غَارِتَاحَ (আনন্দবোধ করলেন) শব্দ এসেছে। আর হুমাইদীর 'আল-জামউ বাইনাস স্বাহীহাইন'-এ এসেছে غَارِتَاحَ غَارِتَاعَ শব্দ। অর্থাৎ, তার প্রতি যত্ন নিলেন ও আগ্রহ প্রকাশ করলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=65504

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন